



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপত্র (২য় খন্ড)/২০১১/৩৭৩

তারিখঃ ৩০/০৬/২০১৬

প্রেস বিজ্ঞপ্তি


গতকাল (২৯ জুন ২০১৬) জাতীয় সংসদের বাজেট অধিবেশনের সমাপনী ভাষণে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা একটি শক্তিশালী পুঁজিবাজার গঠনের বিষয়ে গুরুত্ব আরোপ করেন। তিনি সংসদে পুঁজিবাজার বিষয়ে নিম্নে বর্ণিত বক্তব্য তুলে ধরেনঃ

“আলোচনাকালে প্রধানমন্ত্রী দেশের পুঁজিবাজার সম্পর্কে বলেন, পুঁজিবাজার নিয়ে একটু বলতে চাই। কারণ এটা নিয়ে অনেক কথা আসে। পুঁজিবাজারকে আমরা শক্তিশালী করতে চাই। একটি শক্তিশালী পুঁজিবাজার উন্নত অর্থনীতি গড়ে তোলার অন্যতম পূর্বশর্ত। আর একটি স্থিতিশীল স্বচ্ছ জবাবদিহিমূলক, দক্ষ জাতীয় অর্থনীতিতে যথেষ্ট অবদান সৃষ্টিকারী এক পুঁজিবাজারের জন্য নিরন্তর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছি। স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানির জন্য সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

তিনি বলেন, শেয়ারবাজারে লেনদেন, কারচুপি, অনিয়ম ও যথাযথ নিয়ন্ত্রণমূলক ব্যবস্থা নেয়া হয়েছে। ক্ষুদ্র বিনিয়োগকারীদের জন্য প্রণোদনা প্যাকেজের সফল বাস্তবায়ন প্রক্রিয়া অব্যাহত রাখা হয়েছে। তিনি বলেন, পুঁজিবাজার সংক্রান্ত মামলাগুলো দ্রুত নিষ্পত্তির স্বার্থে স্পেশাল ট্রাইব্যুনালের কার্যক্রম চালু করা হয়েছে। আর্থিক প্রতিবেদনের স্বচ্ছতা ও বিশ্বাসযোগ্যতা যাচাইয়ের জন্য ফিন্যান্সিয়াল রিপোর্টিং এ্যাক্ট প্রণয়ন করা হয়েছে। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন অলটারনেটিভ ইনভেস্টমেন্ট রুল-২০১৫ প্রণয়ন করা হয়েছে। ফলে তথ্য-প্রযুক্তিসহ বিভিন্ন ক্ষুদ্র মাঝারি শিল্পে দেশী-বিদেশী বিনিয়োগ আকৃষ্ট হচ্ছে। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন পাবলিক ইস্যু রুল-২০১৫ প্রণয়ন করা হয়েছে। এর মাধ্যমে আইপিও প্রক্রিয়ার স্বচ্ছতা আনয়ন করা সম্ভব হবে।

প্রধানমন্ত্রী পুঁজিবাজার সংশ্লিষ্ট বিভিন্ন পদক্ষেপ তুলে ধরে আরও বলেন, পুঁজিবাজারের ভিত্তিকে আরও মজবুত করার জন্য নানা পদক্ষেপ নেয়া হচ্ছে। এতে বিনিয়োগকারী তথা সমস্ত জনগোষ্ঠী বিশেষ করে যুবক সমাজের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিনিয়োগ শিক্ষা কর্মসূচী কার্যকর করা হয়েছে। এ সকল পদক্ষেপ আমরা গ্রহণ করেছি, কারণ যাতে পুঁজিবাজার নিয়ে মানুষের সন্দেহ দূর হয় এবং এটা ভালভাবে চলতে পারে।

সূত্র দৈনিক জনকণ্ঠ, তারিখঃ ৩০ জুন ২০১৬



মোঃ সাইফুর রহমান

নির্বাহী পরিচালক

ও

মুখপত্র।